দৈনিক সংবাদ

তারিখ ... JUL 28 1999
পৃষ্ঠা ৬ কলাম ৭

# জাতীয় বিশ্ববিদ্যালয় ॥ ডিগ্রি পরীক্ষার ফলাফল ৭ মাসেও প্রকাশিত হয়নি

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৮ সালের ডিগ্রি (পাস) পরীক্ষা গত জানুয়ারি মাসে সমাপ্ত হবার পর দীর্ঘ প্রায় ৭ মাস অতিবাহিত হলেও এখন পর্যন্ত উক্ত পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়নি। ফলে পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকরা উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছেন। এদিকে ডিগ্রি (পাস) পরীক্ষার ফলাফল আশু প্রকাশিত না হলে যারা এ পরীক্ষায় অকৃতকার্য হবে তারা আগামী অক্টোবর মাসে অনুষ্ঠিতব্য ১৯৯৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিনা, সে ব্যাপারেও অনিশ্চয়তা দেখা দিয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৮ সালের ডিগ্রি (পাস) পরীক্ষা গত বছরের অক্টোবর মাসে শুরু হয় এবং বিভিন্ন কারণে শেষ হতে জানুয়ারি মাস পর্যন্ত গড়ায়। নিয়ম অনুযায়ী পরীক্ষা শেষ হবার ৩ মাসের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশিত হবার কথা। কিন্তু পরীক্ষা সমাপ্ত হবার পর দীর্ঘ প্রায় ৭ মাস অতিবাহিত হলেও এখন পর্যন্ত ফলাফল প্রকাশিত হয়নি।

এদিকে পরীক্ষা দেয়ার পর সারাদেশের দু'লক্ষাধিক পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকরা উৎকণ্ঠিত প্রতীক্ষায় দুঃসহ প্রহর কাটাচ্ছেন। পরীক্ষার ফলাফল প্রকাশের অনিশ্চয়তা তাদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ারও সৃষ্টি করছে।